দৈনিক ইত্তেফাক

তারিখ 08 JUN 1997
পৃষ্ঠা ৩ কলাম ১

# বরগুনায় প্রাথমিক শিক্ষা ব্যবস্থা বিপর্যস্ত

বরগুনা (দক্ষিণ) সংবাদদাতা ॥ বিদ্যালয়ের জরাজীর্ণ অবস্থা, শিক্ষক-স্বল্পতা, আসবাবপত্রসহ উপকরণের অভাব, দারিদ্র্য ও শিক্ষকদের উদাসীনতার কারণে বরগুনা জেলার প্রাথমিক শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হইতেছে।

জেলার ৫টি থানায় ৩৮টি ইউনিয়নের প্রায় দশলক্ষ মানুষের মধ্যে শতকরা ৯০ ভাগ কৃষিজীবী। দরিদ্র অভিভাবকেরা তাহাদের

(৫ম পৃঃ দ্রঃ)

## বরগুনায় প্রাথমিক

(৩য় পৃঃ পর)

শিশুদের দিয়া সংসারে আয়ের চেষ্টা করিতেছে। এই জেলার অসংখ্য কিশোর-কিশোরী পায়রা, বিষখালী, বলেশ্বর নদী ও সাগরের তীরে বাগদা চিংড়ি পোনা ধরার কাজে নিয়োজিত আছে। পোনা ধরার কাজে শিশুরাও জড়িত থাকে। ফলে জেলার বিদ্যালয় গমযোপযোগী ছেলেমেয়েরা পড়াশুনার সুযোগ পাইতেছে না।

বরগুনা জেলায় প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৭৩১। ইহার মধ্যে ৩৭৯টি সরকারী, ৩১২টি রেজিষ্টার্ড এবং ৪০টি আনরেজিষ্টার্ড, বিদ্যালয়গুলির অধিকাংশই আধাপাকা এবং কাঁচা। সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলির মধ্যে কিছু সংখ্যক বিভিন্ন সময় ঝড়ে বিধ্বস্ত হইলেই সংস্কারের কোন উদ্যোগ নেওয়া হয় না।

জেলায় কিছু কিছু বিদ্যালয়ের অবস্থা একেবারেই শোচনীয়। অনেক পুরাতন বিদ্যালয়ের জরাজীর্ণ ভবনের ছাদ চুয়াইয়া পানি পড়িতেছে। এই সকল বিদ্যালয় যেকোন সময় ভাঙ্গিয়া মারাত্মক দুর্ঘটনা ঘটিতে পারে।

TION AND STATISTICS
SHEET — OF — SHEETS
3. SYSTEM
4. DATE